# Ramadan 2022

**April 03, 2022 [Sunday]**
**Surah Az-Zumar (39)- end of ayat 17 to 18**

--- فَبَشِّرْ عِبَادِ ﴿١٧﴾

ٱلَّذِينَ يَسْتَمِعُونَ ٱلْقَوْلَ فَيَتَّبِعُونَ أَحْسَنَهُۥٓ ۚ أُو۟لَـٰٓئِكَ ٱلَّذِينَ هَدَىٰهُمُ ٱللَّهُ ۖ وَأُو۟لَـٰٓئِكَ هُمْ أُو۟لُوا۟
ٱلْأَلْبَـٰبِ ﴿١٨﴾

**১৭.--- অতএব সুসংবাদ দিন আমার বান্দাদিগকে।**

১৮. যাহারা মনোযোগ সহকারে কথা শুনে এবং উহার মধ্যে যাহা উত্তম তাহা গ্রহণ করে, উহাদিগকে আল্লাহ্ সৎপথে পরিচালিত করেন এবং উহারাই বোধশক্তিসম্পন্ন।

**April 04, 2022 [Monday]**
**Surah At-Talaq (65)- end of ayat 2 to 3**

--- وَمَن يَتَّقِ ٱللَّهَ يَجْعَل لَّهُۥ مَخْرَجًا ﴿٢﴾

وَيَرْزُقْهُ مِنْ حَيْثُ لَا يَحْتَسِبُ ۚ وَمَن يَتَوَكَّلْ عَلَى ٱللَّهِ فَهُوَ حَسْبُهُۥٓ ۚ إِنَّ ٱللَّهَ بَـٰلِغُ أَمْرِهِۦ ۚ قَدْ جَعَلَ
ٱللَّهُ لِكُلِّ شَىْءٍ قَدْرًا ﴿٣﴾

**২. ---যে কেহ আল্লাহকে ভয় করে আল্লাহ তাহার পথ করিয়া দিবেন,**

৩. এবং তাহাকে তাহার ধারণাতীত উৎস হইতে দান করিবেন রিয্ক। যে ব্যক্তি আল্লাহ্র উপর নির্ভর করে তাহার জন্য আল্লাহ্ই যথেষ্ট; আল্লাহ্ তাঁহার ইচ্ছা পূরণ করিবেনই; আল্লাহ্ সমস্ত কিছুর জন্য স্থির করিয়াছেন নির্দিষ্ট মাত্রা।

# Ramadan 2022

**April 05, 2022 [Tuesday]**
**Surah Az-Zumar (39)- ayah 53**

۞ قُلْ يَٰعِبَادِىَ ٱلَّذِينَ أَسْرَفُوا۟ عَلَىٰٓ أَنفُسِهِمْ لَا تَقْنَطُوا۟ مِن رَّحْمَةِ ٱللَّهِ ۚ إِنَّ ٱللَّهَ يَغْفِرُ
ٱلذُّنُوبَ جَمِيعًا ۚ إِنَّهُۥ هُوَ ٱلْغَفُورُ ٱلرَّحِيمُ ٥٣

৫৩. বল, হে আমার বান্দাগণ! তোমরা যাহারা নিজদিগের প্রতি অবিচার করিয়াছ আল্লাহ্‌র অনুগ্রহ হইতে নিরাশ হইও না; আল্লাহ্ সমুদয় পাপ ক্ষমা করিয়া দিবেন। তিনি তো ক্ষমাশীল, পরম দয়ালু।

**April 06, 2022 [Wednesday]**
**Surah Al-Kahf (18)- ayah 26**

قُلِ ٱللَّهُ أَعْلَمُ بِمَا لَبِثُوا۟ ۖ لَهُۥ غَيْبُ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضِ ۖ أَبْصِرْ بِهِۦ وَأَسْمِعْ ۚ مَا لَهُم مِّن
دُونِهِۦ مِن وَلِىٍّ وَلَا يُشْرِكُ فِى حُكْمِهِۦٓ أَحَدًا ٢٦

২৬. আকাশ মন্ডলী ও পৃথিবীর অজ্ঞাত বিষয়ের জ্ঞান তাঁহারই। তিনি কত সুন্দর দ্রষ্টা ও শ্রোতা। তিনি ব্যতীত উহাদিগের অন্য কোন অভিভাবক নাই। তিনি কাহাকে এ নিজ কর্তৃত্বের শরীক করেন না।

**April 07, 2022 [Thursday]**
**Surah Al-Mulk (67)- ayah 12**

إِنَّ ٱلَّذِينَ يَخْشَوْنَ رَبَّهُم بِٱلْغَيْبِ لَهُم مَّغْفِرَةٌ وَأَجْرٌ كَبِيرٌ ١٢

১২. যাহারা দৃষ্টির অগোচরে তাহাদিগের প্রতিপালককে ভয় করে তাহাদিগের জন্য রহিয়াছে ক্ষমা ও মহাপুরস্কার।

# Ramadan 2022

**April 08, 2022 [Friday]**
**Surah Al-Inshiqaq (84)- ayah 6**

يَا أَيُّهَا الْإِنسَانُ إِنَّكَ كَادِحٌ إِلَىٰ رَبِّكَ كَدْحًا فَمُلَاقِيهِ ٦

৬. হে মানুষ! তুমি তোমার প্রতিপালকের নিকট পৌঁছানো পর্যন্ত যে কঠোর
সাধনা করিয়া থাক, পরে তুমি তাহার সাক্ষাৎ লাভ করিবে।

**Surah An-Najm (53)- ayah 39**

وَأَن لَّيْسَ لِلْإِنسَانِ إِلَّا مَا سَعَىٰ ٣٩

৩৯. আর এই যে মানুষ তাহাই পায়, যাহা সে করে।

**April 10, 2022 [Sunday]**
**Surah Furqan (25)- ayah 74**

وَالَّذِينَ يَقُولُونَ رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا قُرَّةَ أَعْيُنٍ وَاجْعَلْنَا
لِلْمُتَّقِينَ إِمَامًا ٧٤

(৭৪) এবং যাহারা প্রার্থনা করে, হে আমাদের প্রতিপালক আমাদিগের
জন্য এমন স্ত্রী ও সন্তান-সন্ততি দান কর যাহারা আমাদিগের জন্য নয়ন প্রীতিকর এবং
আমাদিগকে মুত্তাকীদিগের জন্য আদর্শস্বরূপ কর।

# Ramadan 2022

**April 11, 2022 [Monday]**
**Surah Baqarah (2)- ayah 25**

وَبَشِّرِ ٱلَّذِينَ ءَامَنُوا۟ وَعَمِلُوا۟ ٱلصَّـٰلِحَـٰتِ أَنَّ لَهُمْ جَنَّـٰتٍ تَجْرِى مِن تَحْتِهَا ٱلْأَنْهَـٰرُ ۖ
كُلَّمَا رُزِقُوا۟ مِنْهَا مِن ثَمَرَةٍ رِّزْقًا ۙ قَالُوا۟ هَـٰذَا ٱلَّذِى رُزِقْنَا مِن قَبْلُ ۖ وَأُتُوا۟ بِهِۦ
مُتَشَـٰبِهًا ۖ وَلَهُمْ فِيهَآ أَزْوَٰجٌ مُّطَهَّرَةٌ ۖ وَهُمْ فِيهَا خَـٰلِدُونَ ﴿٢٥﴾

২৫. যাহারা ঈমানদার ও নেক কাজ করিয়াছে, তাহাদিগকে সেই জান্নাতের সুসংবাদ দাও যাহার নিম্নভাগে ঝর্ণাধারা প্রবহমান। যখন তোমাদিগকে উহা হইতে ফলমূল খাইতে দেওয়া হইবে, তখন বলিবে, ইহা তো আমাদিগকে পূর্বেও দেওয়া হইত; দৃশ্যত তাহাদিগকে পূর্বানুরূপ ফলমূলই দেওয়া হইবে। সেখানে তাহাদের জন্য পূত-পবিত্র স্ত্রীগণ রহিয়াছে এবং তাহারা সেখানে অনন্তকাল অবস্থান করিবে।

**April 12, 2022 [Tuesday]**
**Surah Baqarah (2)- ayah 177**

۞ لَّيْسَ ٱلْبِرَّ أَن تُوَلُّوا۟ وُجُوهَكُمْ قِبَلَ ٱلْمَشْرِقِ وَٱلْمَغْرِبِ وَلَـٰكِنَّ ٱلْبِرَّ مَنْ ءَامَنَ بِٱللَّهِ وَٱلْيَوْمِ
ٱلْـَٔاخِرِ وَٱلْمَلَـٰٓئِكَةِ وَٱلْكِتَـٰبِ وَٱلنَّبِيِّـۧنَ وَءَاتَى ٱلْمَالَ عَلَىٰ حُبِّهِۦ ذَوِى ٱلْقُرْبَىٰ
وَٱلْيَتَـٰمَىٰ وَٱلْمَسَـٰكِينَ وَٱبْنَ ٱلسَّبِيلِ وَٱلسَّآئِلِينَ وَفِى ٱلرِّقَابِ وَأَقَامَ ٱلصَّلَوٰةَ وَءَاتَى
ٱلزَّكَوٰةَ وَٱلْمُوفُونَ بِعَهْدِهِمْ إِذَا عَـٰهَدُوا۟ ۖ وَٱلصَّـٰبِرِينَ فِى ٱلْبَأْسَآءِ وَٱلضَّرَّآءِ وَحِينَ
ٱلْبَأْسِ ۗ أُو۟لَـٰٓئِكَ ٱلَّذِينَ صَدَقُوا۟ ۖ وَأُو۟لَـٰٓئِكَ هُمُ ٱلْمُتَّقُونَ ﴿١٧٧﴾

১৭৭. “তোমাদের পূর্ব ও পশ্চিম দিকে মুখ করার ভিতর কোন পুণ্য নাই। মূলত পুণ্য হইল আল্লাহ, আখিরাত, ফেরেশতা, ঐশী কিতাব ও আম্বিয়ার উপর ঈমান আনয়ন করায় আর আপনজন, ইয়াতীম, মিসকীন, পথিক, ভিক্ষুক ও পণবন্দীর জন্য প্রাণপ্রিয় সম্পদ প্রদান করায়; আর সালাত কায়েম, যাকাত প্রদান, প্রদত্ত প্রতিশ্রুতি রক্ষা, বিপদ-আপদ ও সংকটময় ক্ষেত্রে ধৈর্য ধারণে। এই সকল কার্য সম্পাদনকারীরাই সত্যনিষ্ঠ ও মুত্তাকী।”

# Ramadan 2022

**April 13, 2022 [Wednesday]**
**Surah Nisa (4)- ayah 36**

۞ وَٱعْبُدُوا۟ ٱللَّهَ وَلَا تُشْرِكُوا۟ بِهِۦ شَيْـًٔا ۖ وَبِٱلْوَٰلِدَيْنِ إِحْسَٰنًا وَبِذِى ٱلْقُرْبَىٰ وَٱلْيَتَٰمَىٰ
وَٱلْمَسَٰكِينِ وَٱلْجَارِ ذِى ٱلْقُرْبَىٰ وَٱلْجَارِ ٱلْجُنُبِ وَٱلصَّاحِبِ بِٱلْجَنۢبِ وَٱبْنِ
ٱلسَّبِيلِ وَمَا مَلَكَتْ أَيْمَٰنُكُمْ ۗ إِنَّ ٱللَّهَ لَا يُحِبُّ مَن كَانَ مُخْتَالًا فَخُورًا ﴿٣٦﴾

৩৬. "আর তোমরা আল্লাহর ইবাদত করিবে ও কোন কিছুকে তাঁহার শরীক করিবে না; এবং পিতামাতা, আত্মীয়-স্বজন, ইয়াতীম, অভাবগ্রস্ত, নিকট প্রতিবেশী, দূর প্রতিবেশী, সঙ্গী-সাথী, পথচারী এবং তোমাদের অধিকারভুক্ত দাসদাসীদের প্রতি সদ্ব্যবহার করিবে। যে দাম্ভিক ও আত্মগর্বী, নিশ্চয়ই আল্লাহ তাহাকে ভালবাসেন না।"

**April 14, 2022 [Thursday]**
**Surah Baqarah (2)- ayah 263**

قَوْلٌ مَّعْرُوفٌ وَمَغْفِرَةٌ خَيْرٌ مِّن صَدَقَةٍ يَتْبَعُهَآ أَذًى ۗ وَٱللَّهُ غَنِىٌّ حَلِيمٌ ۝

২৬৩. "দান করিয়া মনোকষ্ট দেওয়ার চাইতে মিষ্ট ভাষায় মাফ চাওয়াই উত্তম। আর আল্লাহ মহাবিত্তশালী ও অসীম ধৈর্যশীল।"

# Ramadan 2022

**April 15, 2022 [Friday]**
**Surah Fussilat (Ha-meem-41)- ayah 30**

إِنَّ ٱلَّذِينَ قَالُوا۟ رَبُّنَا ٱللَّهُ ثُمَّ ٱسْتَقَٰمُوا۟ تَتَنَزَّلُ عَلَيْهِمُ ٱلْمَلَٰٓئِكَةُ أَلَّا تَخَافُوا۟
وَلَا تَحْزَنُوا۟ وَأَبْشِرُوا۟ بِٱلْجَنَّةِ ٱلَّتِى كُنتُمْ تُوعَدُونَ ٣٠

৩০. যাহারা বলে, আমাদিগের প্রতিপালক আল্লাহ্, অতঃপর অবিচলিত থাকে, তাহাদিগের নিকট অবতীর্ণ হয় ফেরেশ্তা এবং বলে, তোমরা ভীত হইও না, চিন্তিত হইও না এবং তোমাদিগকে যে জান্নাতের প্রতিশ্রুতি দেওয়া হইয়াছিল তাহার জন্য আনন্দিত হও।

**April 17, 2022 [Sunday]**
**Surah Fussilat (Ha-meem-41)- ayah 33**

وَمَنْ أَحْسَنُ قَوْلًا مِّمَّن دَعَآ إِلَى ٱللَّهِ وَعَمِلَ صَٰلِحًا وَقَالَ إِنَّنِى مِنَ ٱلْمُسْلِمِينَ ٣٣

৩৩. কথায় কে উত্তম ঐ ব্যক্তি অপেক্ষা, যে আল্লাহ্র প্রতি মানুষকে আহ্বান করে, সৎকর্ম করে এবং বলে, আমি তো আত্মসমর্পণকারী দিগের অন্তর্ভুক্ত।

**Surah Fussilat (Ha-meem-41)- ayah 36**

وَإِمَّا يَنزَغَنَّكَ مِنَ ٱلشَّيْطَٰنِ نَزْغٌ فَٱسْتَعِذْ بِٱللَّهِ ۖ إِنَّهُۥ هُوَ ٱلسَّمِيعُ ٱلْعَلِيمُ ٣٦

৩৬. যদি শয়তানের কুমন্ত্রণা তোমাকে প্ররোচিত করে তবে আল্লাহ্র শরণ লইবে, তিনি তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

# Ramadan 2022

**April 18, 2022 [Monday]**
**Surah Baqarah (2)- ayah 155**

وَلَنَبْلُوَنَّكُم بِشَيْءٍ مِّنَ ٱلْخَوْفِ وَٱلْجُوعِ وَنَقْصٍ مِّنَ ٱلْأَمْوَٰلِ وَٱلْأَنفُسِ وَٱلثَّمَرَٰتِ ۗ وَبَشِّرِ
ٱلصَّٰبِرِينَ ﴿١٥٥﴾

১৫৫. "আর অবশ্যই আমি তোমাদিগকে পরীক্ষা করিব শত্রুর ভয় দ্বারা, ক্ষুধা-তৃষ্ণা দ্বারা, জান-মাল দ্বারা, ফল-ফসলের বিপর্যয় দ্বারা এবং ধৈর্যশীলগণকে সুসংবাদ দান কর।

**April 19, 2022 [Tuesday]**
**Surah Maidah (5)- ayah 105**

يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ عَلَيْكُمْ أَنفُسَكُمْ ۖ لَا يَضُرُّكُم مَّن ضَلَّ إِذَا ٱهْتَدَيْتُمْ ۚ إِلَى ٱللَّهِ مَرْجِعُكُمْ
جَمِيعًا فَيُنَبِّئُكُم بِمَا كُنتُمْ تَعْمَلُونَ ﴿١٠٥﴾

১০৫. "হে মু'মিনগণ! নিজেকে ঠিক রাখাই তোমাদের প্রত্যেকের কর্তব্য। তোমরা যদি সঠিক পথে থাক তবে যে বিপথে গিয়াছে, সে তোমার কোনই ক্ষতি করিতে পারিবে না। আল্লাহর দিকেই তোমাদের সকলের প্রত্যাবর্তন। অতঃপর তোমরা যাহা করিতে, তিনি সে সম্বন্ধে তোমাদিগকে অবহিত করিবেন।"

**April 20, 2022 [Wednesday]**
**Surah Baqarah (2)- ayah 187 ("your women are clothing for you and you are clothing for them")**

----- هُنَّ لِبَاسٌ لَّكُمْ وَأَنتُمْ لِبَاسٌ لَّهُنَّ ۗ

**তারা (স্ত্রী) তোমাদের পোষাকস্বরূপ এবং তোমরাও তাদের পোষাকস্বরূপ।**

# Ramadan 2022

**April 21, 2022 [Thursday]**
**Surah Zumar (39)- ayah 9**

أَمَّنْ هُوَ قَٰنِتٌ ءَانَآءَ ٱلَّيْلِ سَاجِدًا وَقَآئِمًا يَحْذَرُ ٱلْءَاخِرَةَ وَيَرْجُوا۟ رَحْمَةَ رَبِّهِۦ ۗ قُلْ هَلْ يَسْتَوِى
ٱلَّذِينَ يَعْلَمُونَ وَٱلَّذِينَ لَا يَعْلَمُونَ ۗ إِنَّمَا يَتَذَكَّرُ أُو۟لُوا۟ ٱلْأَلْبَٰبِ ﴿٩﴾

৯. যে ব্যক্তি রাত্রির বিভিন্ন যামে সিজদাবনত হইয়া ও দাঁড়াইয়া আনুগত্য প্রকাশ করে, আখিরাতকে ভয় করে এবং প্রতিপালকের অনুগ্রহ প্রত্যাশা করে, সে কি তাহার সমান, যে তাহা করে না? বল, যাহারা জানে এবং যাহারা জানে না, তাহারা কি সমান? বোধশক্তি সম্পন্ন লোকেরাই কেবল উপদেশ গ্রহণ করে।

**April 22, 2022 [Friday]**
**Surah Ibraheem (14)- ayah 40**

رَبِّ ٱجْعَلْنِى مُقِيمَ ٱلصَّلَوٰةِ وَمِن ذُرِّيَّتِى ۚ رَبَّنَا وَتَقَبَّلْ دُعَآءِ ﴿٤٠﴾

৪০. হে আমার প্রতিপালক! আমাকে সালাত কায়েমকারী কর এবং আমার বংশধরদিগের মধ্যে হইতেও। হে আমাদিগের প্রতিপালক আমার প্রার্থনা কবূল কর।

**Surah Ibraheem (14)- ayah 41**

رَبَّنَا ٱغْفِرْ لِى وَلِوَٰلِدَىَّ وَلِلْمُؤْمِنِينَ يَوْمَ يَقُومُ ٱلْحِسَابُ ﴿٤١﴾

৪১. হে আমাদের প্রতিপালক যেইদিন হিসাব হইবে সেই দিন আমাকে, আমার পিতা-মাতাকে এবং মু'মিনগণকে ক্ষমা করিও।

# Ramadan 2022

**April 24, 2022 [Sunday]**
**Surah Furqan (25)- ayah 65**

وَٱلَّذِينَ يَقُولُونَ رَبَّنَا ٱصْرِفْ عَنَّا عَذَابَ جَهَنَّمَ إِنَّ عَذَابَهَا كَانَ غَرَامًا ﴿٦٥﴾

(৬৫) এবং আর তাহারা বলে 'হে
আমাদিগের প্রতিপালক! আমাদিগ হইতে জাহান্নামের শাস্তি বিদূরিত কর; উহার শাস্তি তো নিশ্চিত বিনাশ;

**April 25, 2022 [Monday]**
**Surah Furqan (25)- ayah 67**

وَٱلَّذِينَ إِذَآ أَنفَقُوا۟ لَمْ يُسْرِفُوا۟ وَلَمْ يَقْتُرُوا۟ وَكَانَ بَيْنَ ذَٰلِكَ قَوَامًا ﴿٦٧﴾

এবং যখন তাহারা ব্যয় করে, তখন তাহারা অপব্যয় করে না; কার্পণ্যও করে না। বরং তাহারা আছে এতদুভয়ের মধ্যে মধ্যম পন্থায়।

**Surah Sajdah (32)- ayah 16**

تَتَجَافَىٰ جُنُوبُهُمْ عَنِ ٱلْمَضَاجِعِ يَدْعُونَ رَبَّهُمْ خَوْفًا وَطَمَعًا وَمِمَّا رَزَقْنَٰهُمْ يُنفِقُونَ

(১৬) তাহারা
শয্যা ত্যাগ করিয়া তাহাদিগের প্রতিপালককে ডাকে আশায় ও আশংকায় এবং আমি তাহাদিগকে যে রিযক দান করিয়াছি উহা হইতে তাহারা ব্যয় করে।

# Ramadan 2022

**April 26, 2022 [Tuesday]**
**Surah Bani Israil (17)- ayah 37**

وَلَا تَمْشِ فِي ٱلْأَرْضِ مَرَحًا ۖ إِنَّكَ لَن تَخْرِقَ ٱلْأَرْضَ وَلَن تَبْلُغَ ٱلْجِبَالَ طُولًا ﴿٣٧﴾

৩৭. ভূ-পৃষ্ঠে দম্ভভরে বিচরণ করিও না; তুমি তো কখনই পদভরে ভূ-পৃষ্ঠ বিদীর্ণ করিতে পারিবে না এবং উচ্চতায় তুমি কখনই পর্বত প্রমাণ হইতে পারিবে না।

**Sura Takasur (102)- ayah 8**

ثُمَّ لَتُسْـَٔلُنَّ يَوْمَئِذٍ عَنِ ٱلنَّعِيمِ ﴿٨﴾

৮. ইহার পর অবশ্যই সেইদিন তোমাদিগকে নিয়ামত সম্বন্ধে প্রশ্ন করা হইবে।

**April 27, 2022 [Wednesday]**
**Sura Al-Inshirah (Alam Nashrah) (94)- ayat 7 & 8**

فَإِذَا فَرَغْتَ فَٱنصَبْ ﴿٧﴾

وَإِلَىٰ رَبِّكَ فَٱرْغَب ﴿٨﴾

৭. অতএব যখনই অবসর পাও সাধনা করিও;
৮. এবং তোমার প্রতিপালকের প্রতি মনোনিবেশ করিও।

# Ramadan 2022

**April 28, 2022 [Thursday]**
**Sura Anbiya (21)- ayah 87**

وَذَا ٱلنُّونِ إِذ ذَّهَبَ مُغَٰضِبًا فَظَنَّ أَن لَّن نَّقۡدِرَ عَلَيۡهِ فَنَادَىٰ فِي ٱلظُّلُمَٰتِ أَن لَّآ إِلَٰهَ
إِلَّآ أَنتَ سُبۡحَٰنَكَ إِنِّي كُنتُ مِنَ ٱلظَّٰلِمِينَ ٨٧

(৮৭) এবং স্মরণ কর যুননূন-এর কথা, যখন সে ক্রোধভরে বাহির হইয়াছিল এবং মনে করিয়াছিল আমি তাহার জন্য শাস্তি নির্ধারণ করিব না। অতঃপর সে অন্ধকার হইতে আহ্বান করিয়াছিল। তুমি ব্যতিত কোন ইলাহ্ নাই তুমি পবিত্র আমি তো সীমালংঘণকারী।

**April 29, 2022 [Friday]**
**Sura Qaf (50)- ayah 16**

وَلَقَدۡ خَلَقۡنَا ٱلۡإِنسَٰنَ وَنَعۡلَمُ مَا تُوَسۡوِسُ بِهِۦ نَفۡسُهُۥۖ وَنَحۡنُ أَقۡرَبُ إِلَيۡهِ مِنۡ حَبۡلِ ٱلۡوَرِيدِ ١٦

১৬. আমিই মানুষকে সৃষ্টি করিয়াছি এবং তাহার প্রবৃত্তি তাহাকে যে কুমন্ত্রণা দেয় তাহা আমি জানি। আমি তাহার গ্রীবাস্থিত ধমনী অপেক্ষাও নিকটতর।

**May 01, 2022 [Sunday]**
**Sura Zariyat (51)- ayah 56**

وَمَا خَلَقۡتُ ٱلۡجِنَّ وَٱلۡإِنسَ إِلَّا لِيَعۡبُدُونِ ٥٦

৫৬. আমি সৃষ্টি করিয়াছি জ্বিন্ এবং মানুষকে এই জন্য যে, তাহারা আমারই ইবাদত করিবে।

**Note: The above-mentioned verses are taken from [https://www.everyayah.com/](https://www.everyayah.com/) and translations from the Tafsire Ibne Kasir published by the Islamic Foundation Bangladesh.**